



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

2 August 2024

7:35 AM IST

=====
রাজ্যের সাত হাজার দুশ টি বিদ্যালয়ে গতকাল থেকে টেলি এডুকেশন ও স্মার্ট ক্লাসের মাধ্যমে শিক্ষাদান প্রক্রিয়া শুরু হয়েছে। সমগ্র শিক্ষা অসামের কার্যালয় থেকে এই বিদ্যালয়গুলির সঙ্গে সংযোগ স্থাপন করে শিক্ষামন্ত্রী ডাঃ রনোজ পেণ্ড শিক্ষক শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা জানান। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শিক্ষামন্ত্রী ডষ্টির পেণ্ড জানান যে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে ১০০ শতাংশ স্মার্টক্লাস গড়ে তোলার ওপর গুরুত্ব প্রদান করে শিক্ষাদানের ক্ষেত্রে শ্রেণীকক্ষে পাঠদান করা সহ ডিজিটেল মাধ্যমেও শিক্ষাদানের উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। এই ব্যবস্থাকে আগামীদিনে আরো শক্তিশালী করা হবে বলে শিক্ষামন্ত্রী জানান।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল জানিয়েছেন যে রাজ্যের ৫ টি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য নির্বাচন কমিশন প্রস্তুতি পর্ব অব্যাহত রেখেছে। উপ নির্বাচন অনুষ্ঠেয় ধলাই, সিদলী, বঙাইগাঁও, বিহালী ও সামাগুড়ি আসনের খসড়া ভোটার তালিকা ইতিমধ্যে প্রকাশ

করা হয়েছে। এই পাচটি আসনের সব্য প্রকাশিত খসরা ভোটার তালিকার ক্ষেত্রে দাবী ও আপত্তি দাখিল করার সময়সীমা আগামী ১০ ই আগস্ট পর্যন্ত ধার্য করা হয়েছে। এই আসনগুলির ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি বা অন্যান্য সংশোধনীর ক্ষেত্রে আবেদন পত্র অনলাইনের মাধ্যমে সংগ্রহ করা যাবে। অন্যদিকে দাবী ও আপত্তি নিষ্পত্তিকরণ আগামী ১৯ শে আগস্টের মধ্যে সম্পন্ন করা হবে।

অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর অধীনে আজ করিমগঞ্জ জেলায় গাছের চারা রোপন অভিযান শুরু হবে। আজ পাথারকান্দির ভিতরগুলের দশহা নার্সারিতে সকাল ১১টায় এই অভিযানের সূচনা হবে।

রাজ্যের অন্যান্য অংশের সংগে কাছাড় জেলায় ও অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর অধীনে ১ লক্ষ ১২ হাজার গাছের চারা রোপন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ উপলক্ষে শিলচরে বন বিভাগের কার্যালয়ে আজ আয়োজিত এক অনুষ্ঠানে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠী এবং শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেওয়া হয়। রাজ্যের বন বিভাগের মুখ্য বন সংরক্ষক রাজীব কুমার দাসের পৌরহিতে অনুষ্ঠিত গাছের চারা বিতরণ অনুষ্ঠানে জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা, পুলিশ সুপার নোমাল মাহাতো, বিধায়ক দীপায়ন চক্রবর্তী, মিহির কান্তি সোম, কৌশিক রাই, এ পি ডি সি এলের সঞ্চালক নিত্যভূষণ দে তাদের বক্তব্যে অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা রোধে রাজ্য সরকার গাছের চারা রোপন করার যে পদক্ষেপ গ্রহণ করেছে সেজন্য সন্তোষ প্রকাশ করেন।

হাইলাকান্দি জেলায় অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর অধীনে পাঁচ লক্ষ গাছের চারা রোপন কার্যসূচী শুরু হয়েছে। জেলা উন্নয়ন আয়ুক্ত এন্ডার্ড ফারহিন গতকাল হাইলাকান্দি আর্বত ভবনে প্রাঙ্গনে চারা গাছ রোপন করে এই কার্যসূচীর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে নগর জীবিকা মিশনের স্ব- নির্ভর গোষ্ঠীর কর্মকর্তারা এক পেড় মা কে নাম কার্যসূচীর অধীনে তাদের মায়েদের নামে গাছের চারা রোপন করেন। উল্লেখ্য আগামী ১৫ ই আগস্ট পর্যন্ত জেলায় পাঁচ লক্ষ গাছের চারা গাছ রোপন করার লক্ষ্য ধর্ম করা হয়েছে। সেই অনুযায়ী নাম পঞ্জীয়ন করে বন বিভাগ থেকে প্রাপ্ত চারা গাছটি জিও ট্যাগ যুক্ত করা এবং এবং গাছের চারা সহ সেলফি অমৃত বৃক্ষ আন্দোলন মোবাইল এ্যাপ বা ওয়েব পোর্টেলে আগামী ১৫ ই আগস্ট পর্যন্ত আপলোড করতে জেলা প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে।

ফটো আপলোড করার পোর্টেল হচ্ছে aba.assam.gov.in অথবা <http://mrilife.nic.in>

হাইলাকান্দি জেলার যেসব সরকারী কর্মচারী ও আধিকারীক মুখ্যমন্ত্রী লোক সেবক আরোগ্য যোজনায় এখনো নাম পঞ্জীয়ন করেন নি, তাদেরকে অবিলম্বে নাম পঞ্জীয়ন করতে অনুরোধ করা হয়েছে। মুখ্যমন্ত্রী লোক সেবক আরোগ্য যোজনা নামক বীমা কার্যসূচীর অধীনে জেলার সব সরকারী কর্মচারী ও আধিকারীকদের অন্তর্ভুক্ত করে জেলা আয়ুক্তের কার্য্যালয়ের সভাকক্ষে গতকাল জেলার ড্রয়িং এন্ড ডিসবার্সসিং আধিকারীকদের এক সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে গত বছরের অক্টোবর মাস থেকে জেলার সব কর্মচারী ও আধিকারীকদের বেতন থেকে নির্দিষ্ট প্রিমিয়ামের অর্থ কাটা হচ্ছে। তবে যাদের এই বীমা কার্যসূচীতে নাম পঞ্জীয়ন এখনো হয় নি, তারা চিকিৎসা বাবদ কোন অর্থ ফিরে পাওয়ার জন্য দাবী করতে পারবেন না। উল্লেখ্য মুখ্যমন্ত্রী লোক সেবক আরোগ্য যোজনা বীমার আওতায়

থাকলে রাজ্য সরকারের সব কর্মচারী ও আধিকারীকদের পরিবারের সবার চিকিৎসার জন্য ব্যয় হওয়া অর্থ পুনরায় ফিরে পাওয়ার ব্যবস্থা রয়েছে ।

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের উদ্যোগে গতকাল শিলচর সি টি ভি ও কার্য্যলয়ের সভাকক্ষে শিলচর পৌরসভার বর্ধিত জল কর প্রত্যাহার করার দাবী জানিয়ে একটি নাগরিক সভা অনুষ্ঠিত হয় । সংগঠনের সভাপতি ধূব সাহার পৌরহিতে আয়োজিত সভায় আগামী এক মাস শহরের প্রতিটি ওয়ার্ডে জনগনকে সঙ্গে নিয়ে বিভিন্ন স্থানে প্রতিবাদী কার্য্যসূচী গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সভায় অন্যান্যদের মধ্যে সঞ্জীব রায় , অজয় রায় , সীমান্ত ভট্টাচার্য , আলী রেজা ওসমানি প্রমুখ উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলাজুড়ে মাসব্যাপী বিভিন্ন গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির শুরু হয়েছে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আজ আলগাপুর , আপিন-রংপুর , বড়বন্দ এবং বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । এদিকে আগামীকাল পাঁচগ্রাম , ধলাই-মলাই , নিশ্চিন্তপুর এবং বাঁশডহর-বড়হাইলাকান্দি গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে জমি মালিকদের চলতি বছর ও বকেয়া বছরের খাজনা শিবিরে এসে জমা দিতে অনুরোধ করা হয়েছে ।
